

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭,০০,০০০০,০৪৬,০৪,০০১,১৭-২১৭

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪২৬
০৯ জুন ২০১৯

বিষয়ঃ যশোর জেলার কেশবপুর উপজেলাধীন কেশবপুর দারুল উলুম মহিলা ফাযিল(ডিগ্রী) মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী সম্পর্কে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন টিএমইডিতে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন কেশবপুর দারুল মহিলা ফাযিল (ডিগ্রী) মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী কর্তৃক দাখিলকৃত আবেদন (দীর্ঘ ০৫ বৎসর যাবৎ সাময়িক বরখাস্ত অবস্থায় থাকা সত্ত্বেও মহামান্য হাইকোর্টের নির্দেশনামতে পূর্ণ এমপিও পাওয়া বিষয়ে) সম্পর্কে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত এরফান আহমেদ সিদ্দিকীর বিষয়টি সরেজমিনে তদন্ত হওয়া আবশ্যিক বিধায় বিষয়টি সরেজমিনে তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২. বিষয়টি সরেজমিনে তদন্তের সময় নিম্নবর্ণিত বিষয়গুলো বিবেচনায় নিয়ে তদন্ত হওয়া প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়েছে-

ক্রমিক	তদন্তের সময় যে বিষয়গুলো বিবেচনায় নিয়ে তদন্ত কাজ পরিচালনা প্রয়োজন	মন্তব্য
(১)	সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী-কে কোন অভিযোগের কারণে সাময়িক বরখাস্ত করা হয়েছে?	
(২)	উক্ত অভিযোগ/অভিযোগসমূহ স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি মাদ্রাসা শিক্ষকদের চাকুরির শর্ত বিধিমালা, ১৯৭৯ এর কোন বিধির অণ্ডত ভুক্ত?	
(৩)	উক্ত শিক্ষককে সাময়িক বরখাস্তের পূর্বে বিধি-১৪ অনুযায়ী কারণ দর্শানো হয়েছিল কিনা?	
(৪)	একই বিধি অনুযায়ী ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়েছিল কিনা?	
(৫)	একই বিধি অনুযায়ী তদন্ত কমিটি গঠন করে তদন্ত করানো হয়েছিল কিনা?	
(৬)	তদন্ত হয়ে থাকলে তদন্ত কমিটির ফাউন্ডিংস কী ছিল?	
(৭)	তদন্ত কমিটির ফাউন্ডিংস এর উপর ডিগ্রি করে এ যাবৎ কী কী পদক্ষেপ গৃহীত হয়েছে এবং উক্ত পদক্ষেপের ফলাফল কী?	
(৮)	সাময়িক বরখাস্তের পর হতে জনাব এরফান আহমেদ সিদ্দিকী অব্যাহতভাবে মাদ্রাসায় অনুপস্থিত আছেন কিনা?	
(৯)	অব্যাহতভাবে অনুপস্থিত থাকলে উপস্থিত হওয়া থাকার জন্য মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক কোন উদ্যোগ নেয়া হয়েছে কিনা? হয়ে থাকলে এর ফলাফল কী?	
(১০)	মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক জনাব এরফান আহমেদ সিদ্দিকীকে ০১.০৭.১৪ খ্রি. তারিখ হতে সাময়িক বরখাস্ত করার পর প্রায় ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও আইনমুগ পদক্ষেপ গ্রহণের মাধ্যমে বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ না করার কারণ কী?	
(১১)	জনাব এরফান আহমেদ সিদ্দিকী এর উপর আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রদান এবং বর্তমানে তা অব্যাহত রাখা আইনমুগ কিনা?	
(১২)	এনসি২৭২/১৫ নং মামলার প্রদত্ত রায়/আদেশের কারণে রিট পিটিশন-৩৬৫৭/১৫ মামলার রায় বাস্তবায়নে প্রতিবন্ধকতা আছে কিনা? থাকলে তা কী?	
(১৩)	সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিনের বেশি তথা প্রায় ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হওয়ার পরেও রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার রায় অনুযায়ী জনাব এরফান আহমেদ সিদ্দিকী পূর্ণাঙ্গ বেতন ভাতা (এমপিও) পাওয়ার হুকুমের কিনা?	
(১৪)	সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন তথা প্রায় ০৫ বৎসর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও কোর্টের রায় অনুযায়ী এমপিও প্রদান না করার কারণ কী?	
(১৫)	উল্লিখিত বিষয়ে বর্তমানে করণীয় কী/অনুসরণীয় পদ্ধতি কী হতে পারে?	
(১৬)	এ সংক্রান্তে অন্য কোন বিষয় যা উর্ধ্বতন কর্তৃপক্ষ/টিএমইডি'র গেজারে নেয়া প্রয়োজন?	

০৩. এমতাবস্থায়, উপরিউক্ত বিষয়গুলো বিবেচনায় নিয়ে মহোদয় দপ্তরের একজন সিনিয়র কর্তৃকর্তার (উপপরিচালক পর্যায়ের নিচে নয়) দ্বারা সরেজমিনে তদন্তক্রমে সুস্পষ্ট মতামত (তদন্ত বিষয়ে মহোদয়ের মতামতসহ)সহ প্রতিবেদন অগস্ট ২৭.০৬.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক,
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় অবগিত ও কার্যার্থে:

০১. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা; (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

০২. অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৩. অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৪. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, কেশবপুর দারুল উলুম মহিলা ফাযিল মাদ্রাসা, কেশবপুর, যশোর (তদন্ত কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো)।

০৫. জনাব মো: এরফান আহমেদ সিদ্দিকী(সাসপেন্ডেড)সহকারি অধ্যাপক(আরবি), কেশবপুর দারুল উলুম মহিলা ফাযিল মাদ্রাসা, কেশবপুর, যশোর

০৬. অফিস কপি/মাস্টার কপি।